



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

উপাচার্য ও ট্রেজারার এর সাথে নব-নির্বাচিত জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দের সৌজন্য সাক্ষাৎ



২৯ জানুয়ারি ২০১৯, মঙ্গলবার, সকাল ৯টা থেকে দুপুর ২.৩০টা পর্যন্ত 'জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন-২০১৯' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ২০১৯-এর প্রধান নির্বাচন কমিশনার ও পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সুরঞ্জন কুমার দাস উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নিকট ফলাফল হস্তান্তর করেন।

এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নব-নির্বাচিত কমিটির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মদ এর নেতৃত্বে সমিতির সদস্যবৃন্দ উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং অন্যান্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।